
যুগান্তর

তারিখ: ........ পৃষ্ঠা ৩ কলাম ৬



ভগবত সরকার



সুমন

# অস্ত্রবাজ ভগবত ও সুমন ধরা পড়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল দখলদারদের দুজন ধরা পড়েছে। ঘটনার ১১ দিনের মাথায় শনিবার রাতে মহানগর গোয়েন্দা পুলিশ নগরীর তাঁতীবাজারের সুতানগর লেন থেকে ভগবত কর্মকার এবং গতকাল দুপুরে বেইলি রোড থেকে সুমনকে গ্রেফতার করেছে। ভগবত মার্কেটিং মাস্টার্স ও জগন্নাথ হলের আবাসিক ছাত্র এবং সুমন একাউন্টিং তৃতীয় বর্ষ ও সূর্যসেন হলের আবাসিক ছাত্র। তারা উভয়ই ছাত্রদল কর্মী। গত ১৩ নভেম্বর জগন্নাথ ও জহুরুল হক হল দখল-পাল্টা দখলকে কেন্দ্র করে পরদিনের জাতীয় দৈনিকে যে সব ছবি প্রকাশিত হয় তাতে ভগবত ও সুমনের ছবি ছিল। ঘটনার ১০

**ধরা** : পৃষ্ঠা : ২ কলাম : ৩

## ধরা : অস্ত্রবাজ ভগবত

(১ম পৃষ্ঠার পর)

দিনের মাথায় শনিবার দৈনিক যুগান্তর এ ব্যাপারে 'ওদের এখনও ধরা হয়নি' শীর্ষক সচিত্র রিপোর্ট প্রকাশ করে। তাতে মুহসীন হলের ছাদে ফয়সলের সঙ্গে সুমনের এবং ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুনের সঙ্গে ভগবতের সশস্ত্র ছবি প্রকাশিত হয়। ভগবত ও সুমনকে গ্রেফতার করা হলেও প্রধান অস্ত্রধারীরা এখনও থেকে গেছে ধরাছোঁয়ার বাইরে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনে ভগবত গ্রেফতার হওয়ার খবরই ছিল মূল আলোচ্য বিষয়।